

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ  
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০  
www.dpe.chittagongdiv.gov.bd

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.০৮.৫৮৭.২২. ২১০১

তারিখ: ০২ নভেম্বর, ২০২২

### অফিস আদেশ

অত্র বিভাগের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর এর প্রস্তাব ও সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কর্মচারীকে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩ এর ১ এর (ii) বিধি মোতাবেক তার নামের পাশে বর্ণিত সময়ের জন্য পূর্ণগড় বেতনে বহি: বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরসহ নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বহি: বাংলাদেশ গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রম	নাম, পদবী ও কর্মস্থল	ছুটি মঞ্জুরীর সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
১।	জনাব ক্ষিতিশ চন্দ্র মজুমদার উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক উপজেলা শিক্ষা অফিস হাজীগঞ্জ, চাঁদপুর।	১১-১১-২০২২ হতে ২৫-১১-২০২২ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনেরো) দিন।	তীর্থ স্থান ভ্রমণের নিমিত্ত ভারত গমন

#### শর্তাবলী:

- (ক) বহি: বাংলাদেশ গমনের পূর্বে এবং প্রত্যাবর্তনের পরে উপজেলা শিক্ষা অফিসারকে রিপোর্ট করতে হবে।
- (খ) কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না। নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (গ) ছুটিকালীন বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (ঘ) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- (ঙ) নির্ধারিত সময়ে পর কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮ জুন, ২০২২ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২ নং পত্র মোতাবেক অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটির পরবর্তী অনুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

ড. মো: শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৬৩৫২৫৩

e-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.০৮.৫৮৭.২২. ২১০১/১৫

তারিখ: ০২ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ২। মহাপরিচালক, বহিঃগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মান্যবর হাই কমিশনার/সহকারী হাই কমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ৫। ইমিগ্রেশন কর্মকর্তা, সীমান্ত চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, যশোর/ঢাকা ক্যান্টনমেন্ট রেল স্টেশন, ঢাকা/আখাউড়া স্থল বন্দর, ব্রাহ্মণবাড়িয়া/বিবির বাজার, কুমিল্লা, বাংলাদেশ।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর। উক্ত কর্মচারীকে ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করবেন।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর। বর্ণিত কর্মচারীকে ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত কর্মচারীর ছুটি/অনুপস্থিতকালীন দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৯। জনাব ক্ষিতিশ চন্দ্র মজুমদার, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ১০। সংরক্ষণ নথি।

ড. মো: শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক

০২/১১/২২